

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৬০

আগরতলা, ০২ সেপ্টেম্বর, ২০১৮

নেশামুক্ত ত্রিপুরা গড়তে খেলাধুলা
বড় ভূমিকা নিতে পারে : মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ বিকেলে ফটিকরায় দ্বাদশ শ্রেণী স্কুলমাঠে আয়োজিত মিডিয়া কাপ প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের ফাইন্যাল ম্যাচের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এরপর মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব কৈলাসহর টাউন কালীবাড়িতে কৃষ-জন্মাষ্টমী উৎসবে যোগ দেন। সেখানে কৃষ-জন্মাষ্টমী উদযাপন কমিটির তরফে মুখ্যমন্ত্রীকে ফুলের তোড়া, উত্তরীয় ও মানপত্র দিয়ে সংবর্ধনা জানিয়ে সাম্প্রতিক বন্যায় উনকোটি জেলার মানুষের পাশে দাঁড়ানোর জন্যে তাঁকে কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। সংবর্ধনার উত্তরে মুখ্যমন্ত্রী তাঁর ভাষনে বলেন, এখন সরকারকে নতুন করে পরিকল্পনা তৈরী করে কাজ করতে হচ্ছে। পূর্বতন সরকারের সাড়ে এগার হাজার কোটি টাকা ঋণের বোঝা নিয়ে নতুন সরকার ক্ষমতায় বসেছে। আগের সরকার রাজ্যকে নেশামুক্ত করার বদলে নেশাগ্রস্ত করে গেছে। তিনি বলেন, রাজ্য সরকার ভিশন ডকুমেন্টের সবটাই বাস্তবায়িত করবে। কর্মচারীরাও সপ্তম বেতন কমিশন পাবেনই। কালীবাড়িতে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন টি আই ডি সি'র চেয়ারম্যান টিংকু রায়। উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান দাস। ফটিকরায় মিডিয়া কাপ প্রাইজ-মানি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, আগের সরকার রাজ্যকে নেশামুক্ত করার পরিবর্তে নেশাগ্রস্ত করে গেছেন। নেশামুক্ত ত্রিপুরা গড়ার জন্যে খেলাধুলা এক বড় ভূমিকা নিতে পারে। তিনি বলেন, রাজ্যে কিছুদিনের মধ্যেই উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোর ১০ হাজার যুবক-যুবতীদের নিয়ে উত্তর-পূর্ব যুব উৎসব সংগঠিত করা হবে। ফটিকরায়ের ফুটবল টুর্নামেন্টে ফাইন্যাল খেলা অনুষ্ঠিত হয় ফটিকরায় গ্রাউন্ডস্টার বনাম জম্পুইজলা একাদশের মধ্যে। এই টুর্নামেন্টে ১৬টি দল অংশ নেয়। উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান দাস, টি আই ডি সি'র চেয়ারম্যান টিংকু রায়, জেলা শাসক ডিথলিয়ানা দারলং, জেলা পুলিশ সুপার লাকী চৌহান। ফটিকরায়ের টুর্নামেন্ট ও কৈলাসহর টাউন কালীবাড়ির উভয় অনুষ্ঠানেই ছিল উপচে পড়া ভীড়।
